

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 06-02-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Offer Distribution :

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল ভারুয়ালভাবে আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে নিয়োগ পত্র প্রদান করেন। গতকাল স্বাস্থ্য দপ্তরে ফার্মাসিস্ট, ল্যাব টেকনেশিয়ান এবং রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে জেআরবিটি কর্তৃক মাল্টি টাস্কিং স্টাফ পদে ২,৮০৬ জনকে নিয়োগ পত্র দেয়া হয়। অনুষ্ঠানে তিনি বলেন ত্রিপুরার সর্বাঙ্গীন বিকাশের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও ত্রিপুরা সরকার ধারাবাহিক ভাবে কাজ করে চলেছে।

তিনি আরোও বলেন ত্রিপুরা এখন স্বাস্থ্য, যোগাযোগ থেকে শুরু করে গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে অভুতপূর্ব উন্নতি করেছে। ত্রিপুরা এখন সম্পূর্ণভাবে সন্ত্রাসমুক্ত অঞ্চল হিসেবে স্বীকৃতি পেয়েছে। ফলে উন্নয়নের ধারা অব্যাহত রয়েছে। তিনি বিগত সরকারের আমলে চাকুরী ক্ষেত্রে স্বজন পোষনের অভিযোগ করে বলেন বর্তমান সরকার গঠন হওয়ার পর সম্পূর্ণ দুর্নীতি মুক্ত ও স্বচ্ছতা বজায় রেখে নিয়োগ প্রক্রিয়া চলছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন রাজ্য সরকার ২০১৮-১৯ অর্থবছর থেকে চলতি বছরের জানুয়ারি মাস পর্যন্ত বিভিন্ন পদে ১৬ হাজার ৪৫১ জনকে নিয়োগ করেছে। তাছাড়া বিভিন্ন আউটসোর্সিং ও চুক্তিভিত্তিকভাবে এখন পর্যন্ত ৫ হাজার ৭৭১ জনের কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে।

অনুষ্ঠানে মন্ত্রীসভার সদস্যগণ, মুখ্যসচিব জে কে সিনহা, তথ্য সংস্কৃতি দপ্তরের সচিব পি কে চক্রবর্তী প্রমুখ উপস্থি ছিলেন।

আকাশবাণী কলেজ সেমিনার:

সচেতনতা বৃদ্ধি ও জনশিক্ষা প্রচারের লক্ষ্যে, আকাশবাণী আগরতলা কেন্দ্রের উদ্যোগে গতকাল স্বশাসিত জেলা পরিষদের অন্তর্গত গভর্নমেন্ট ডিগ্রী কলেজ, খুমলুং-এ একটি সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে ছাত্র-ছাত্রী এবং শিক্ষক-শিক্ষিকারা উৎসাহের সঙ্গে অংশগ্রহণ করেন, অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডঃ সুব্রত দেববর্মা এবং টিচার্স কাউন্সিলের সেক্রেটারি প্রদীপ দেববর্মা।

এই কর্মসূচির লক্ষ্য ছিল যুব সমাজকে গুরুত্বপূর্ণ সামাজিক বিষয়গুলোর উপর গঠনমূলক কাজের সঙ্গে যুক্ত করা। অনুষ্ঠানে এনিমে আলোচনা চক্র, কুইজ ও বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এসব অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীরা সক্রিয়ভাবে অংশগ্রহণ করে।

এই অনুষ্ঠানে আগরতলা সরকারি মেডিকেল কলেজের সহযোগী অধ্যাপক ডঃ আশিস দেববর্মা তাঁর ভাষণে মূল্যবান বক্তব্য ও দৃষ্টিভঙ্গি ব্যক্ত করেন যা অনুষ্ঠানে বিশেষ মাত্রা যোগ করে।

আকাশবাণী আগরতলার অনুষ্ঠান বিভাগের প্রধান শ্রীমতি জয়শ্রী দেববর্মা নেতৃত্বে আকাশবাণীর টিম এই কর্মসূচির আয়োজনে বিশেষ ভূমিকা গ্রহণ করে ।

National Career Service :

কেন্দ্রীয় সরকারের "ন্যাশনাল কেরিয়ার সার্ভিস" এর আওতায় ১৫ দিনব্যাপী বৃত্তিমুখী প্রশিক্ষণ কর্মসূচি গতকাল থেকে কৈলাশহরের রামকৃষ্ণ মহাবিদ্যালয়ে শুরু হয়েছে। কর্ম বিনিয়োগ ও জনশক্তি পরিকল্পনা দপ্তরের উদ্যোগে আয়োজিত এই কর্মসূচির উদ্বোধন করে উনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা বলেন, এধরনের প্রশিক্ষণের মাধ্যমে প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশগ্রহণকারীদের আত্মপ্রত্যয় ও উৎসাহ বৃদ্ধি করবে। ১৫ দিনের প্রশিক্ষণ কর্মসূচিতে দক্ষতা উন্নয়ন, স্পোকেন ইংলিশ, ব্যক্তিত্ব বিকাশ ইত্যাদি বিষয়ে পাঠদান করা হবে।

Visa Resumed :

দুই মাস বন্ধ থাকার পর আগরতলায় বাংলাদেশ সহকারী হাইকমিশন গতকাল থেকে ভারতীয়দের জন্য সব ধরনের ভিসা ও কনসুলার সেবা চালু করেছে। গত তেসরা ডিসেম্বর একটি অনভিপ্রেত ঘটনার পরিপ্রেক্ষিতে অনির্দিষ্টকালের জন্য সব ধরনের ভিসা ও কনসুলার সেবা স্থগিত ছিল। আগরতলায় বাংলাদেশ সহকারী হাইকমিশন কার্যালয় সূত্রে জানা গেছে ভিসার জন্য গতকাল ১০০-র বেশি আবেদন জমা পড়েছে।

Disaster Rescue Drill :

দক্ষিণ জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল শান্তিরবাজার সরকারি মহাবিদ্যালয়ে বিপর্যয় মোকাবিলার মহড়া অনুষ্ঠিত হয়। এনডিআরএফ ও টিএসআর নবম বাহিনীর জওয়ানরা এবং শান্তিরবাজার সরকারি মহাবিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা মহড়ায় অংশগ্রহণ করে। দক্ষিণ জেলার জেলা শাসক স্মিতা মল এম এস, শান্তিরবাজারের মহকুমা শাসক মনোজ কুমার সাহা মহড়ায় উপস্থিত ছিলেন।

BSF-Sonamura :

সিভিক একশন প্রোগ্রামের আওতায় গতকাল সিপাহীজলা জেলার কাঠালিয়া ব্লকের অধীন কে.কে নগর বাজার এলাকায় ছাত্রছাত্রী ও এলাকাবাসীর মধ্যে ৬৯ বিএসএফ বাহিনীর পক্ষ থেকে বিভিন্ন সামগ্রী বিতরণ করা হয়। মোট তিনটি স্কুলের পড়ুয়াদের মধ্যে বিতরণ করা হয় সাইকেল, বই-খাতা ও খেলার সামগ্রী। মহিলাদের প্রদান করা হয় সেলাই মেশিন। উপস্থিত ছিলেন বাহিনীর কমান্ডিং অফিসার এ.কে উপাধ্যায়, কোম্পানি কমান্ডার সঞ্জয় কুমার হালদার প্রমুখ।

National Games :

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমস পর্যন্ত মোট ১৯৯টি স্বর্ণপদকের ফয়সালা হয়েছে। এরমধ্যে ২৮টি স্বর্ণপদক নিয়ে কর্ণাটক তালিকার শীর্ষে রয়েছে। ২৭টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড দ্বিতীয় স্থানে এবং ১৭টি স্বর্ণপদক নিয়ে মধ্যপ্রদেশ তৃতীয় স্থানে উঠে এসেছে।

Under 15 Cricket :

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতায় গতকাল চারটি খেলা হয়। নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে চাম্পামুড়া কোচিং সেন্টার ৩ উইকেটে এডি নগর কোচিং সেন্টারকে, নেপকো মাঠে জুয়েলস কোচিং সেন্টার ৩১৫ রানে বাধারঘাট কোচিং সেন্টারকে, নোয়াবাদী মাঠে তরুন সংঘ কোচিং সেন্টার ২৭১ রানে পোলস্টার ক্লাবকে এবং আশ্বেদকর মাঠ এন এস আর সি সি ৫ উইকেটে মৌচাক কোচিং সেন্টারকে পরাজিত করে।

Women's Cricket :

টিসিএ পরিচালিত মহিলাদের আমন্ত্রণমূলক সিনিয়র ক্রিকেটের সীমিত ওভারের আসর গতকাল থেকে আগরতলায় শুরু হয়েছে। উদ্বোধনী দিনে দুটি খেলা হয়। এতে নরসিংগড়ের পিটিএ মাঠে ব্লাডমাউথ ক্লাব ৯ উইকেটে জিবি প্লে সেন্টারকে এবং তালতলা মাঠে তরুণ সংঘ ৪৩৮ রানে প্রগতি প্লে সেন্টারকে পরাজিত করে।

Weather :

আজ আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫.৮ ডিগ্রী সেলসিয়াস।
